# আগামীকাল বিএনপির নির্বাচনী ইশতেহার ঘোষণা করবেন তারেক রহমান



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে শুক্রবার বিকেলে বিএনপির নির্বাচনী ইশতেহার প্রকাশ করা হবে। রাজধানীর হোটেল সোনারগাঁওয়ের বলরুমে বিকেল সাড়ে ৩টায় দলটির চেয়ারম্যান তারেক রহমান এ ইশতেহার ঘোষণা করবেন বলে জানিয়েছেন বিএনপি মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সঞ্চালনার দায়িত্বে থাকবেন স্থায়ী কমিটির সদস্য ও কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান নজরুল ইসলাম খান।

দলীয় শীর্ষ নেতারাও অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

দলের নেতৃত্বে থেকে এটি তারেক রহমানের প্রথম নির্বাচনী ইশতেহার ঘোষণা। এর আগে বিভিন্ন জাতীয় নির্বাচনে বিএনপির ইশতেহার ঘোষণা করেছেন সাবেক চেয়ারপারসন বেগম খালেদা জিয়া। ২০১৮ সালের নির্বাচনে তিনি কারাবন্দি থাকায় ইশতেহার উপস্থাপন করেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

বিএনপি নেতারা জানান, এবারের ইশতেহারে দলীয় রূপরেখার পাশাপাশি সাধারণ মানুষের দৈনন্দিন সমস্যা, নাগরিক অধিকার, নিরাপত্তা এবং অংশগ্রহণভিত্তিক উন্নয়নকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। পরিকল্পনাগুলো বাস্তবসম্মত ও দীর্ঘমেয়াদি করার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে, যাতে জনগণের ক্ষমতায়ন নিশ্চিত হয় এবং জীবনযাত্রার মান দৃশ্যমানভাবে উন্নত হয়।